# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(উঃ)।

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কর্ম পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক নৈতিকতা কমিটির সভার কার্যবিবরনী**

জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা-২০২০-২০২১ এর আলোকে বিকেবি, ময়মনসিংহ মুখ্য অঞ্চল (উঃ) এর নৈতিকতা কমিটির সভা ২৯/০৩/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মোঃ মাহাবুব আলম এর সভাপতিত্বে মুখ্য আঞ্চলিক কার্যালয় ময়মনসিংহ (উঃ) এ অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেনঃ

| | |
|---|---|
| (ক) জনাব মোঃ মাহাবুব আলম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উঃ) | সভাপতি |
| (খ) জনাব মোঃ মাহফুজুর রহমান, উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(উঃ) | সদস্য |
| (গ) জনাব মাশতুরা বেগম, কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(উঃ) | সদস্য |
| (ঘ) জনাব শাহিনা আক্তার, উর্ধ্বতন কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(উঃ) | সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

০২। সভাপতি মহোদয় কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন নিশ্চিতকরনে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত প্রকাশ করেন। কর্মক্ষেত্রে দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্য তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ে সু-সমন্বয় প্রয়োজন বলে তিনি মনে করেন । বর্তমান ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ অতীব জরুরী বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উঃ) এর কর্মকর্তা/কর্মচারীদের সততা, নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) করোনা ভাইরাসের সংক্রমণ রোধে স্বাস্থ্যবিধি মেনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে।

খ) সততার সাথে সকলকে মানিলন্ডারিং রোধে সক্রিয় ভুমিকা পালন করতে হবে এবং অবিলম্বে এতদ্‌বিষয়ে সকলকে নিয়ে সভা করতে হবে।

গ) সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।

ঘ) গ্রাহকদের দ্রুততার সাথে সর্বোত্তম সেবা প্রদানে সচেষ্ট হতে হবে।

ঙ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরকিল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২০-২০২১ এ উল্লেখিত সময়সীমার মধ্যে ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে অধিকতর যত্নবান ও সতর্ক হতে হবে।

চ) অভিযোগ বাক্স নিয়মিত পরীক্ষা করে গ্রাহকের কোন অভিযোগ পাওয়া গেলে অত্র কার্যালয় কর্তৃক তা দ্রুততম সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ছ) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ শাখা ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তা/কর্মচারীগণের মাধ্যমে শতভাগ বাস্তবায়ন করতে হবে।

জ) উপোরক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ৪র্থ ত্রৈমাসিক/প্রান্তিকের (এপ্রিল/২০২১ হতে জুন/২০২১) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

সভাপতি মহোদয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ এবং উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করবেন।

| | | | |
|---|---|---|---|
| 29.03.21 | 29.03.21 | 29.03.21 | 29.03.2021 |
| প্রতিবেদন প্রস্তুতকারীর স্বাক্ষর | নৈতিকতা কমিটির সদস্য সচিবের স্বাক্ষর (১) | নৈতিকতা কমিটির সদস্যের স্বাক্ষর (২) | নৈতিকতা কমিটির সভাপতির স্বাক্ষর |

স্মারক নং- মুআকা(মঃউঃ)প্রশাঃ-১(৬৭)/২০২০-২০২১/ ২২৪৬ (২৮) তারিখঃ- ২৯/০৩/২০২১ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরন করা হলোঃ-

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য অঞ্চল, ময়মনসিংহ(উঃ) ।
০৪। নথি/মহানথি।

29.03.21

সদস্য সচিব
(ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা কমিটি)